# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ,নীলফামারী।

তারিখ ঃ ২৮ অক্টোবর, ২০২১ খ্রিঃ। সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সভা পরিচালনার দায়িত্ব নিয়ে সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের পক্ষে সভায় উপস্থিত উপ-সহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা জানান এ উপজেলায় চলতি মৌসুমে রোপা আমান ধানের অর্জন ১৪৮৮০ হেঃ । কর্তন করা হয়েছে = ৩,৮৫৫ হেঃ। আলু লাগানো হয়েছে ৯০০ হেঃ জমিতে। মাঠে অন্যান্য ফসলের অবস্থা ভাল। ব্লক পর্যায়ে কর্মকর্তাগণ কৃষকের মাঠ ফসল পরিদর্শন করে পরামর্শ প্রদান করে আসছেন। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। কোন সমস্যা নাই। | ১। বৈশ্বিক কোভিট-১৯ মহামারীতে দেশে অধিক ফসল উৎপাদনে আরও আন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা হয়।<br>২। রবি মৌসম সার,বীজ,কীটনাশকের সরবারহ পরিস্থিতি স্বাভাবিক রাখতে হবে। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার পক্ষে সভায় উপস্থিত জনাব ডাঃ তাজিরুল ইসলাম, মেডিকেল অফিসার সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। নিয়মিত টিকা দান ও গণ টিকাদান কার্যক্রম অব্যাহত আছে। | ১। জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিধি মেনে চলাসহ টীকা গ্রহণে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কিশোরগঞ্জ,<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৩, | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় উপস্থিত উপসহকারী প্রকৌশলী জনাব জগবন্ধু রায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান<br>(ক) উপজেলা পরিষদের সীমানা প্রাচীর এর পূর্ব পাশের ভাঙ্গা প্রাচীর মেরমাতের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন গেট নির্মাণ, সংযোগ রাস্তার তৈরী ও প্রাচীর উচুকরণ এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, কোভিট-১৯ প্রতিরোধে এডিপি'র ৪,২৭,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ দ্বারা মাস্ক, স্যানিটাইজার ও জ্বর মাপা মেশিন ক্রয় করে পরীক্ষা কেন্দ্রসহ জনগণের মধ্যে বিতরণ করা আবশ্যক। | (ক) ও (খ) প্রস্তাব বাস্তবায়নে আর্থিক সংস্থানের জন্য স্থানীয় সরকার বিভাগে জরুরী ভিত্তিতে পত্র প্রেরণে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বরাদ্দকৃত অর্থদ্বারা মাস্ক, স্যানিটাইজার ও জ্বর মাপার মেশিন কেনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কিশোরগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, সেপ্টেম্বর-২১ মাসে কৃত্রিম প্রজনন ৬৬৯টি, বাছুর উৎপাদন ২১৮টি, টীকা প্রদান করা হয়েছে ২৯,৪৪০টি, চিকিৎসা প্রদান করা হয়েছে ২৯,৩৯৩টি পশু পাখিকে এবং খামরীদের মাঝে ৮,০০০টি ঘাসের কার্টিং বিতরণ করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রাণি সম্পদ উন্নয়নে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ,অফিসার, কিশোরগঞ্জ |
| ০৫ | উপজেলা মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য অফিসার সভায় জানা যে, তার বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | এ উপজেলায় মৎস্য সম্পদ উন্নয়নে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ০৬ | ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কাজ সম্পর্কে জানা গেল না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ। |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজ সেবা অফিসারের পক্ষে সভায় উপস্থিত জনাব মোঃ সাওম উল কবির, ফিল্ড সুপাভাইজার সভায় জানান যে, পুরাতন ভাতাভোগীদের ২০২১-২২ অর্থ বছরে প্রথম কিস্তির পে-রোল দেয়া হয়েছে। শতভাগ বয়স্ক ও বিধবা ভাতার ৪র্থ ধাপ পর্যন্ত নেয়া হয়েছে। নভেম্বর-২০২১ এর মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১।উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৮ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানা যে, ১২ সেপ্টেম্বর,২০২১ থেকে সকল প্রাথমিক বিদ্যালযে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। প্রতিদিন ২টি শ্রেণীর পাঠদান চলছে। অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১)উপজেলা শিক্ষা অফিসার,কিশোরগঞ্জ নীলফামারী। |
| ০৯ | পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার(অঃদাঃ) সভায় সেপ্টেম্বর/২১ মাসের তথ্য উপস্থাপন করেন। খাবার বড়ি(সুখী)-৩২১০ চক্র, (আপন) ৪৯৭ চক্র, কনডম-৪৯৪০ পিচ, ইনজেকটেবল-১৫৫৮ (ভায়াল) বিতরণ করা হয়েছে। স্থায়ী পদ্ধতি গ্রহণকারী- পুরুষ-৩ জন ও মহিলা ৪ জন, ইমপ্লান্ট ১৩১ জন ও আই, ইউ, ডি ৩৪ জন কে সেবা প্রদান করা হয়েছে। মোট সক্ষম দম্পতির সংখ্যা-৫৪,৭৩২ জন, মোট পদ্ধতি গ্রহণকারী-৪৩,৮২৫ জন, সিএআর= ৮০.০৭%। মোট গর্ভবতী ১৮১৭ জন। গর্ভবতী মায়ের সেবা প্রদান করা হয়েছে ১৬৯৮ জনকে। ২৮৯৫ জন সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে। তিনি সভায় আরও জানান রনচন্ডী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ৪৬ শতাংশ জমি দাতাগণ অবৈধভাবে দখল করে রেখেছেন। উক্ত জমি উদ্ধারের জন্য সহযোগিতা চান। | সরকারী সম্পত্তি উদ্ধারে বিধি মোতাবেক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১০ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় ভিজিডি কার্যক্রমের আওতায় অক্টোবর-২১ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। কিশোর-কিশোরী ক্লাব এর কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। নীতিমালা মোতাবেক যথা সময়ে কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। মহিলা বিষয়ক কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, চলতি মাসে ৬০ জন যুবক ও যুবক মহিলাকে আত্মকর্মী তৈরীর নিমিত্তে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। ০১ নভেম্বর-২১ তারিখে জাতীয় যুব দিবস উদযাপিত হবে। তিনি সকলে সক্রিয় অংশ গ্রহণের জন্য আহবান জানান। জাতীয় যুব দিবসে এ উপজেলায় ১৩ জন যুবক ও যুবতী নারীকে তাদের প্রকল্প সম্প্রসারণের জন্য ৩,৯০,০০০/-টাকা ঋণ প্রদান করা হবে। বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। | নীতিমালার আলোকে এ উপজেলায় বেকার যুবক ও যুব মহিলার হাতকে কর্মের হাতে পরিণত করার নিমিত্তে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,কিশোরগঞ্জ |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে ১ম ও ২য় পর্যায়ের নির্মিত ঘরে প্রতি ১০টি পরিবারের জন্য ১টি করে মোট ২৮টি অগভীর টিউবওয়েল স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। | জনস্বার্থে বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ |
| ১৩ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, আগামী ৬ নভেম্বর-২১ জাতীয় সমবায় দিবস উদযাপিত হবে। সকলের সার্বিক সহযোগিতা চান। | সার্বিক সহযোগিতার করা সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী।<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় সভায় জানান যে, সেপ্টেম্বর-২১ সঞ্চয় জমা= ১.০০ লক্ষ টাকা, শেয়ার আদায় =০.০৩ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৭.৯৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৭.৪৬ লক্ষ টাকা। | বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কিশোরগঞ্জ |
| ১৫ | বন ও পরিবেশ অফিস | ফরেস্টার, সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান উপজেলা পরিষদের অনেক গাছ মরে গেছে এবং ঝুকিপূর্ণ হয়েছে। মরা গাছ গুলো চিহ্নিত করে উত্তোলন এবং ঝড়ে পরা গাছের ডাল গুলো নিলামে বিক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদের ঝুকিপূর্ণ মরা গাছ গুলো চিহ্নিত করে উত্তোলন করা এবং ঝড়ে পরা ডাল গুলো নিলামে বিক্রয়ের জন্য সরকারি প্রাক্কলন দিবেন ফরেষ্টার। | ফরেস্টার, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, দীর্ঘ দিন বিদ্যালয় বন্ধ থাকায় অনেক বেঞ্চ নষ্ট হয়েছে। তাছাড়া ইলেকট্রনিক্স ডিভাইস গুলো নষ্ট হয়েছে। দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বাল্য বিবাহের হার বৃদ্ধি পেয়েছে। শিক্ষার্থী উপস্থিতি ৪০%-৫০% । অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিদ্যালয় গুলো পাঠদান উপযোগীকরাসহ শিক্ষার্থী উপস্থিতির হার বৃদ্ধি করা চেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ । |
| ১৭ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,<br>(ক) উপজেলা চেয়ারম্যান বাসভবন মেরামত করা প্রয়োজন।<br>(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সেপ্টেম্বর/২১ মাসের সম্মানী ভাতা =৯৪,০০০/-(চুরা নব্বই হাজার) টাকা, উপজেলা চেয়ারম্যানের জুলাই,আগস্ট ও সেপ্টেম্বর/২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ ২২,৫০০/-(বাইশ হাজার পাঁচশত) টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের প্রত্যেকের ১৫,০০০/-(পনের হাজার) টাকা করে ভ্রমণ ভাতা পরিশোধ করা<br>(খ) উপজেলা অফিসার্স ব্যাচেলর কোয়াটার পানির লাইন মেরামত বাবদ ২,০০০/-(দুই হাজার) টাকা<br>(গ) ফুলের চারা ক্রয় বাবদ ৩,৪৫০/-টাকা(তিন হাজার চারশত পঞ্চাশ) টাকা<br>(ঘ) অক্টোবর আনুসাংগিক ব্যয় ৫,০০০/- (পাঁচ হাজার)টাকা<br>(ঙ) আপ্যায়ন অক্টোবর মাসে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা,<br>(চ) ইন্টারনেট বিল (অক্টোবর/২১ মাসের) ৪,৩০০/-(চার হাজার তিন শত)<br>(ছ) উপজেলা পরিষদের বৈদ্যুতিক যন্ত্রাংশ ক্রয় (বাসাবাড়ী)= ৬,২২০/- ( ছয় হাজার দুইশত কুড়ি) টাকা,<br>(জ) সার্চ লাইট ক্রয় বাবদ=২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত) টাকা<br>(জ) বাসাবাড়ীর জন্য তালা ক্রয় = ৩,৮৬০/-(তিন হাজার আটশত ষাট) টাকা<br>(ঝ) উপজেলা পরিষদের গেজেটেড বাসভবনের ওয়াশরুমে টাইলস লাগানো ও দরজা জানালা মেরামত বাবদ ব্যয়= ৯,৭০০/-(নয় হাজার সাতশত)টাকা ব্যয় হয়েছে।<br>(ঞ) আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা<br>তিনি ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করেন। | ১। ক্রঃনং ক অত্যাবশ্যকীয় হওয়ায় বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ক্রমিক নং খ হতে ঞ পর্যন্ত ব্যয় যথাযথ বিবেচিত হওয়ায় অনুমোদন দেয়া হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২।সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ বিবিধ | ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বাহাগিলী ইউপি সভায় জানান যে, আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানে প্রশাসনসহ সকলের সার্বিক সহযোগিতা চান। | আসন্ন ইউপি নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| খ | তথ্য আপা | তথ্য আপা সভায় জানান যে, সরকারী নীতিমালার আলোকে তার অফিসের কার্যক্রম চলছে। কোন সমস্যা নেই। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরামর্শ দেয়া হয়। | তথ্য আপা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| গ | আনসার ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার(ভাঃ) সভায় জানান যে, বিভাগীয় কাজ সুষ্ঠুভাবে চলছে। গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার। |
| ঘ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত কোভিট-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচীর আওতায় ২৭.৫০ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণের আওতায় সমিতির মাধ্যমে ৭০.০০ লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তা সদস্যদের মাঝে ২০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক পল্লীর দারিদ্র বিমোচনে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী। |
| ঙ | পল্লী বিদ্যুৎ সমিতি | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, কিশোরগঞ্জ জোনাল অফিস, নীলফামারী সভায় জানান যে, সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। | জনগণের সেবা নিশ্চিত করনের জন্য অনুরোধ করা হয়। | ডিজিএম, কিশোরগঞ্জ জোনাল অফিস,নীলফামারী। |

চলমান পাতা -০৫

| | | | | |
|---|---|---|---|---|
| চ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | (ক) অবকাঠামোমূলক উন্নয়ন উ-প্রকল্প ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ২০২০ - ২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকার এ উপজেলায় অবকাঠামো উন্নয়নে যাচাই-বাছাই কমিটি হতে কিশোরগঞ্জ উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে।<br>(খ) সক্ষমতামূলক উপ-প্রকল্প ঃ<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ২০২০ - ২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা ব্যয়ের জন্য উপজেলার বিভিন্ন বিভাগীয় কমিটি হতে সক্ষমতাবৃদ্ধিমূলক উপ-প্রকল্প দাখিল করেছেন। তিনি উপ-প্রকল্প সমূহ যাচাই বাছাই করতঃ সিদ্ধান্ত গ্রহণপূর্বক সভায় অনুরোধ জানান ।<br>প্রকল্পসমূহ নিম্নরূপঃ<br>১। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ<br>২। তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ<br>৩। মানসম্মত শিক্ষার বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষা প্রতিষ্ঠানের এসএমসি সদস্যদের দক্ষতা ব্যবস্থাপনা প্রশিক্ষণ।<br>৪। উন্নত সেবা নিশ্চিতকল্পে অনলাইন প্লাটফর্ম ও অ্যাপস ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ।<br>৫। নিরাপদ সড়কের জন্য যানবাহন চালকদের ট্রাফিক আইন ও মোটরযান আইন বিষয়ক প্রশিক্ষণ।<br>৬। বেকার যুবক/যুব মহিলাদের মোটর ড্রাইভিং প্রশিক্ষণ। | (ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দকৃত ৪০.০০ (চল্লিশ লক্ষ) টাকায় কিশোরগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ অবকাঠামোমূলক উপ-প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্ধকৃত ১০.০০ (দশ লক্ষ) টাকার অত্র উপজেলায় নিম্নবর্নিত উপ-প্রকল্পসমূহ সক্ষমতামূলক প্রশিক্ষণ গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ<br>২। তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ<br>৩। মানসম্মত শিক্ষার বাস্তবায়ন নিশ্চিত করতে শিক্ষা প্রতিষ্ঠানের এসএমসি সদস্যদের দক্ষতা ব্যবস্থাপনা প্রশিক্ষণ।<br>৪। উন্নত সেবা নিশ্চিতকল্পে অনলাইন প্লাটফর্ম ও অ্যাপস ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ ৫। নিরাপদ সড়কের জন্য যানবাহন চালকদের ট্রাফিক আইন ও মোটরযান আইন বিষয়ক প্রশিক্ষণ।<br>৬। বেকার যুবক/যুব মহিলাদের মোটর ড্রাইভিং প্রশিক্ষণ। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.১০.২১

( শাহ্ মোঃ আবুল কালাম বারী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
www.kishorganj.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১- ১২৪২(৫০) তারিখ ঃ ২৮/১০/২০২১খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।

০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান(পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৮। উপজেলা.............................................কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,.........................................(সকল) ইউ পি, কিশোরগঞ্জ, নীলফামারী।

১০। অফিস কপি।

২৮.১০.২১

( মোঃ নবীরুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।